দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 2 MAR 1989
পৃষ্ঠা 4 কলাম 3

007

0 1 MAR 1989

## ঢাকা বোর্ডের কাজকর্ম

উচ্চ মাধ্যমিক পরীক্ষার গত দুই বছরের প্রশ্নপত্র সংগ্রহ করার জন্য গিয়াছিলাম ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে। বোর্ডের নিয়মানুযায়ী দেয়া টাকা ব্যাংকে পরিশোধ করে কাউন্টারে রসিদ জমা দেওয়ার জন্য গেলে দেখা যায় যে, সাড়ে দশটা বাজা সত্ত্বেও কাউন্টার খোলা হয়নি। অথচ কাউন্টার খোলা থাকার সময় লেখা ছিল ১০টা থেকে ১টা। বেলা এগারটায় কাউন্টার খোলা হয়। ব্যাংকে জমা দেয়া টাকার রসিদটি নিয়ে পরিকল্পনা ও মূল্যায়ন অফিসে গিয়ে প্রশ্নপত্র নেয়ার জন্য আমাকে একটা রসিদ (রসিদ নং ৬ ১৯২১৮) দেয়া হয় কাউন্টার থেকে। কিন্তু অফিসে দুই ঘন্টা অপেক্ষা করার পরও কোন কর্মচারী পাওয়া যায়নি (যদিও উক্ত অফিস রুমটি খোলাই ছিল) এবং আমার প্রশ্নপত্র সংগ্রহ করাও সম্ভব হয়নি। শুধু পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগই নয় অন্যান্য বিভাগেও একই ধরনের হয়রানির সম্মুখীন হতে হয়।

এমতাবস্থায় অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট কক্ষ থেকে কর্মচারীদের সুষ্ঠুভাবে কাজ চালিয়ে যাবার হুকুম দানে বাধিত করে আমাদের হয়রানির হাত থেকে রক্ষা করার জন্য যথাযথ কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

—এ এইচ এম আইনুল কবির আজাদ, সমাজবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়,

১১১, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।